দৈনিক খবর

২৪

তারিখ ... 10 SEP ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩

## 'ইসলামী ভার্সিটি শিক্ষকদের বক্তব্য অসত্য'

বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়ার সভাপতি মুহাম্মদ ইসমাইল ফারুক ও সাধারণ সম্পাদক এস এম আব্দুল হামিদ গত শুক্রবার এক বিবৃতিতে বৃহস্পতিবার প্রকাশিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের কতিপয় শিক্ষকের বক্তব্যকে অসত্য বর্ণনা করে তার তীব্র প্রতিবাদ ও নিন্দা করেছেন। বিবৃতিতে তারা বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও তা শান্তিডাঙ্গা থেকে ঢাকায় স্থানান্তরের আন্দোলনের সময় কথিত আঃ সোবহান নামক কোন ছাত্রনেতার অভ্যুদয়ঘটেনি।

বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের মত একটি প্রতিষ্ঠানের দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে এরূপ ঐতিহাসিক তথ্য বিকৃতি ও অসত্যভাবে প্রচারে আমরা স্তম্ভিত। ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও ঢাকায় স্থানান্তর মাদ্রাসা ছাত্র-শিক্ষকদের ঐক্যবদ্ধ গণ-আন্দোলনের ফলশ্রুতি।

সুতরাং কথিত জনৈক আঃ সোবহানের আহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে যারা ঘোলা পানিতে মাছ শিকারের অপচেষ্টায় লিপ্ত তাদের সতর্ক হওয়ার জন্য এখনও সময় আছে। তাদের ঐতিহাসিক সত্য তথ্য স্বীকার করে নেয়া উচিত। খবর প্রেস বিজ্ঞপ্তি'র।

## ২৩ ও ২৪শে সেপ্টেম্বর উচ্চ মাধ্যমিক ক্যাম্প

বাংলাদেশ ছাত্র 'ইউনিয়ন কেন্দ্রীয় সংসদের উদ্যোগে উচ্চ মাধ্যমিক ক্যাম্প আগামী ২৩ ও ২৪শে সেপ্টেম্বর ঢাকায় অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকল জেলাকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে কেন্দ্রের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়েছে।